দৈনিক ইত্তেফাক

তারিখ 08 JAN 1990
পৃষ্ঠা ... 2 কলাম ... 6 ...

03

# সিলেটে ২টি কলেজ ৩ দিনের জন্য বন্ধ ঘোষণা

(সিলেট অফিস)

গত শনিবার সিলেট সরকারী কলেজে ছাত্রলীগ (মা-শ) ও জাতীয়তাবাদী ছাত্রদলের সংঘর্ষের জের ধরিয়া গতকাল (রবিবার) সিলেট সরকারী কলেজ ও সরকারী এম, সি, কলেজে উভয় দলের কর্মীদের মধ্যে পুনরায় ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। কর্তৃপক্ষ উক্ত দুইটি কলেজ ৩ দিনের জন্য বন্ধঘোষণা করিয়াছেন। ধাওয়া-পাল্টা ধাওয়ার সময় বিকট আওয়াজের বেশ কয়েকটি ককটেল বিস্ফোরিত হয়। কলেজের সাধারণ ছাত্র-ছাত্রী ও কলেজ সংলগ্ন রাস্তাঘাটের লোকজন ভয়ে ভীত হইয়া ছুটাছুটি করেন। টিলাগড় এলাকার দোকানপাট বন্ধ হইয়া যায়। একটি দোকান ভাংচুর হয়। কেহ আহত হওয়ার খবর পাওয়া যায় নাই। উল্লেখ্য, গত অক্টোবর মাসে অপর এক ব্যাপক ছাত্র সংঘর্ষের পর দীর্ঘ প্রায় ৩মাস উক্ত দুইটি কলেজ বন্ধ থাকার পর গত ১লা জানুয়ারী এই দুইটি কলেজ খোলার পর আবার ছাত্র সংঘর্ষ শুরু হইয়াছে।